

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিরিক্ত পরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
রংপুর অঞ্চল, রংপুর।
(dae.rangpurdiv.gov.bd)

কৃষিই সমৃদ্ধি

নং- ৬০০ “অফিস আদেশ”

তারিখ :- ২৪/০৬/২০২৪ খ্রিঃ

উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নীলফামারী দপ্তর স্মারক নং-২৯৪, তারিখ : ১৩/০৩/২০২৪ খ্রিঃ মোতাবেক জানা যায়, জনাব মোঃ রেজাউল করিম, নিরাপত্তা প্রহরী, উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, সদর, নীলফামারী গত ০৯/০২/২০২৪ খ্রিঃ তারিখ রাত ০৩.০৫ ঘটিকার সময় নীলফামারী হতে ঢাকাগামী নাবিল পরিবহনের (এসি) যাত্রীবাহী বাসে নেশাজাতীয় মাদকদ্রব্য ফেসিডিল বিক্রয়ের উদ্দেশ্যে নিজ হেফাজতে রাখার অপরাধে (AMD5Y) এসআই(নিঃ) আবু হানিফা, বিপি-৮৪০৪০৮৩১৪৬, অপস্ এন্ড ইন্টেলিজেন্স সেল ৪ এপিবিএন, নিশিন্দারা, বগুড়া কর্তৃক আটক হন। পরবর্তিতে সংশ্লিষ্ট কর্মচারীর বিরুদ্ধে বগুড়া সদর, থানার মামলা নং-৪০/১৪০, তারিখ-০৯/০২/২০২৪ খ্রিঃ মোতাবেক মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ সালের ৩৬(১) এর ১৪(খ) রুজু করা হয় এবং ০৯/০২/২০২৪ খ্রিঃ তারিখে তাকে বগুড়া সদর, থানা হতে জেল হাজতে প্রেরণ করা হয়। বর্তমানে তিনি কারাগারে আটক রয়েছেন।

এমতাবস্থায়, জনাব মোঃ রেজাউল করিম, নিরাপত্তা প্রহরী, উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, সদর, নীলফামারী-কে বর্ণিত মামলায় কারাগারে আটক রাখার কারণে তাকে বাংলাদেশ চাকুরী বিধিমালা ৭৩ ধারা এবং সংস্থাপন মন্ত্রণালয়ের মেমোরেণ্ডাম নং-ইডি (রেগু-৬)/৭৮/১১৫(৫০০), তারিখ ২১/১১/১৯৭৮ খ্রিঃ অনুসারে ০৯/০২/২০২৪ খ্রিঃ তারিখ হতে সরকারী চাকুরী থেকে সাময়িক বরখাস্ত করা হলো।

প্রচলিত বিধি অনুযায়ী তিনি বরখাস্তকালীন সময়ে খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

স্বাক্ষরিত/-(মোঃ ওবায়দুর রহমান মন্ডল)
অতিরিক্ত পরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
রংপুর অঞ্চল, রংপুর।

স্মারক নং- ১২.১৬.৮৫০০.০৩৯.২৭.০১৮.১৩/ ৬০০/১(৪)

তারিখ :- ২৪/০৬/২০২৪ খ্রিঃ

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরন করা হলো :

- ১। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নীলফামারী।
- ২। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, নীলফামারী।
- ৩। উপজেলা কৃষি অফিসার, সদর, নীলফামারী।
- ৪। জনাব মোঃ রেজাউল করিম, নিরাপত্তা প্রহরী, ইউএও'র দপ্তর, সদর, নীলফামারী।

২৪/০৬/২০২৪
(মোঃ ওবায়দুর রহমান মন্ডল)
অতিরিক্ত পরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
রংপুর অঞ্চল, রংপুর

ই-মেইল : adaerang@gmail.com

২৪/০৬/২৪